

# শহরে অগ্নিকান্ড মোকাবেলা করা

## পটভূমি:

শহরের উন্নত অঞ্চলগুলিতে আগুন লাগলে তা নিয়ন্ত্রণে আনা কষ্টকর। এই ধরনের ঘটনার ফলে অনেক মানুষ আহত হতে পারেন, প্রচুর প্রাণহানী হতে পারে এবং কমিউনিটির মারাত্মক আর্থিক ক্ষতি হতে পারে।

## শহরে অগ্নিকান্ডের আগে:



ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়া সরকার  
রচনা:  
হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (HSEMA)

সর্বশেষ সংশোধিত: নভেম্বর, 2011



## শহরের অগ্নিকান্ড মোকাবেলা করার টেমপ্লেট (ক্রমশ)

অগ্নিকান্ড থেকে নিজেকে, আপনার পরিবারকে এবং আপনার সম্পত্তি বাঁচাতে নিম্নলিখিত জিনিসগুলি করতে পারেন:

### স্মোক অ্যালার্ম

- স্মোক অ্যালার্ম লাগান। স্মোক অ্যালার্ম সঠিকভাবে কাজ করলে এটি অগ্নিকান্ডে আপনার মৃত্যুর সম্ভবনা অর্ধেক কমিয়ে দেয়।
- আপনার আবাসনের প্রতিটি তলায় স্মোক অ্যালার্ম লাগান। সেগুলি বেডরুমের বাইরে সিলিং-এ বা দেওয়ালের উপর দিকে ( সিলিং থেকে 4-12 ইঞ্চি ) রাখুন, খোলা সিঁড়ির উপরে রাখুন অথবা আবদ্ধ সিঁড়ির নীচে এবং রান্নাঘরের কাছাকাছি (কিন্তু ভিতরে নয়) রাখুন।
- মাসে একবার স্মোক অ্যালার্ম পরীক্ষা ও পরিষ্কার করুন এবং কমপক্ষে বছরে একবার ব্যাটারি পরিবর্তন করুন। প্রতি 10 বছর অন্তর স্মোক অ্যালার্মগুলি পরিবর্তন করুন।

### আগুন থেকে বাঁচা

- আপনার পরিবারকে সাথে নিয়ে রেরোনোর রাস্তা পর্যালোচনা করুন। প্রতিটি ঘর থেকে বেরোনো অনুশীলন করুন।
- জানলা যাতে পেরেক দিয়ে একেবারে বন্ধ না করা থাকে তা নিশ্চিত করুন। পরিবারের লোকজন যাতে ভিতর থেকে জানলা খুলতে পারে তাই জানালার নিরাপত্তা জাফরিগুলিতে অগ্নি নিরাপত্তা উন্মুক্তকারী বৈশিষ্ট্য থাকা নিশ্চিত করুন।
- আপনার আবাসনে যদি একাধিক তল থাকে তাহলে মই রাখার কথা বিবেচনা করুন এবং বার্গলার বার এবং অন্যান্য – চুরি প্রতিরোধকারী যন্ত্রগুলি যা বাইরে থেকে জানলা দিয়ে প্রবেশ করা অবরুদ্ধ করে সেই জানালাগুলি যাতে সহজে ভিতর থেকে খোলা যায় তা নিশ্চিত করুন।
- আগুন থেকে বেঁচে বেরোনোর সময় মেঝেতে (যেখানে অগ্নিকান্ডের সময় বায়ু নিরাপদ থাকে) নিচু হয়ে বের হতে হয় তা পরিবারকে শেখান।
- সংরক্ষণের জায়গাগুলিকে সফা করুন। পুরানো সংবাদপত্র ও পত্রিকা, জমা করে আবর্জনা সৃষ্টি করবেন না।

### সহজদাহ্য জিনিসগুলি

- কখনও গ্যাসোলিন, বেঞ্জিন, ন্যাপথা, বা অনুরূপ জ্বলনশীল তরল গৃহমধ্যে ব্যবহার করবেন না।
- ভাল বায়ু চলাচল এমন সংরক্ষণের জায়গায় অনুমোদিত পাত্র সহজদাহ্য তরল সঞ্চয় করুন।
- সহজদাহ্য তরলের কাছে কখনও ধূমপান করবেন না।
- ছেঁড়া নেকড়া বা অন্যান্য উপকরণগুলি যা আপনার ব্যবহার করার পরে সহজদাহ্য তরলে ভিজে গেছে সেগুলিকে বাতিল করুন। সেগুলিকে ধাতব পাত্রে ভরে বাড়ীর বাইরে ফেলে দিন।
- চিমনি ইন্সুলেট করুন এবং তার উপর স্পার্ক অ্যারেস্টার রাখুন। চিমনিটি ছাদের থেকে অন্তত পক্ষে তিন ফুট উঁচু হতে হবে। চিমনির উপরে এবং চারপাশে ঝুলে থাকা শাখা-প্রশাখা কেটে দিন।

### তাপের উৎসগুলি

- বিকল্প তাপের উৎস ব্যবহার করার সময় সাবধান থাকুন।
- আপনার কমিউনিটিতে(সমুদায়ে) কেরোসিনের হিটার ব্যবহার করার বৈধতা পরীক্ষা করার জন্য আপনার স্থানীয় অগ্নি নির্বাপন বিভাগের সাথে যোগাযোগ করুন। কেরোসিন হিটারে কেরোসিন সর্বদা বাইরে গিয়ে ভরুন এবং তা ঠান্ডা হওয়া নিশ্চিত করুন।
- দাহ্য পদার্থ থেকে হিটার কমপক্ষে তিন ফুট দূরে রাখুন। মেঝে এবং আশপাশের দেওয়াল সঠিকভাবে ইনসুলেট করা আছে তা নিশ্চিত করুন।
- শুধুমাত্র আপনার ইউনিটের জন্য মনোনীত জ্বালানীই ব্যবহার করুন এবং প্রস্তুতকারকের নির্দেশিকা পালন করুন।
- আবাসনের বাইরে ধাতব পাত্রে ছাই সঞ্চয় করুন এবং আবাসনের থেকে দূরে রাখুন।
- দেওয়াল, আসবাব, আচ্ছাদন, এবং দাহ্য পদার্থের থেকে অগ্নিশিখা দূরে রাখুন।
- আপনার ফায়ারপ্লেসের সামনে একটি পর্দা লাগিয়ে দিন।
- একজন শংসাপত্রপ্রাপ্ত বিশেষজ্ঞকে দিয়ে বছরে একবার হিটিং ইউনিট পরীক্ষা এবং পরিষ্কার করিয়ে নিন।

### দেশলাই এবং ধূমপান

- দেশলাই ও লাইটার উপরে রাখুন, বাচ্চাদের থেকে দূরে রাখুন এবং সম্ভব হলে লক করা ক্যাবিনেটে রাখুন।



ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়া সরকার

রচনা:

হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (HSEMA)



সর্বশেষ সংশোধিত: নভেম্বর, 2011

## শহরে অগ্নিকান্ড মোকাবেলা কৰা

- তন্দ্রালু অবস্থায় ও ওষুধ খাওয়ার পর কখনই বিছানায় ধূমপান কৰিবেন না। ধূমপানকাৰীদেৰ গভীৰ ও মজবুত অ্যাসটে দিন। সিগাৰেট বা চুৰুটের শেষ অংশ ফেলার আগে জল দিয়ে নেভান।

### বৈদ্যুতিক ওয়্যারিং:

- আপনার আবাসনের বৈদ্যুতিক ওয়্যারিং ইলেকট্ৰিক মিস্ত্ৰীকে দিয়ে পরীক্ষা কৰান।
- এক্সটেনশান কৰ্ডে কোনরকম ছেঁড়া বা খোলা ভাৰ আছে কিনা বা আলাগা প্লাগ আছে কিনা তা জানার জন্য এক্সটেনশান কৰ্ডটিকে পরীক্ষা কৰুন।
- নিৰ্গমন পথগুলিতে আবরণ থাকা এবং কোথাও মুক্ত ওয়্যারিং না থাকা নিশ্চিত কৰুন।
- ছেঁড়া কাপড়, পেরেক এবং বেশি চলাচল কৰা হয় এমন স্থানের উপৰ দিয়ে ওয়্যারিং না যাওয়া নিশ্চিত কৰুন।
- এক্সটেনশান কৰ্ড বা আউটলেটগুলিতে অতিরিক্ত লোড(ভাৰ) দেবেন না। যদি আপনার দুটি বা তিনটি সরঞ্জাম একসাথে প্লাগে লাগানোর প্রয়োজন হয় তাহলে শৰ্ট-সার্কিট এবং স্পার্ক প্রতিৰোধ কৰার জন্য বিল্ট-ইন সার্কিট ব্ৰেকাৰ সহ ইউএল অনুমোদিত ইউনিট ব্যবহার কৰুন।
- ইন্সুলেশন যেন খোলা বৈদ্যুতিক ওয়্যারিং স্পৰ্শ না কৰে তা নিশ্চিত কৰুন।

### অন্যান্য

- আপনার দরজা বন্ধ কৰে ঘূমান।
- আবাসনে যেকোনো অগ্নি নিৰ্বাপক ব্যবস্থা লাগান এবং সেগুলি কিভাবে ব্যবহার কৰতে হয় তা পরিবারের সদস্যদের শেখান।
- আপনার আবাসনে একটি স্বয়ংক্রিয় অগ্নি স্প্ৰিঙ্কলার সিস্টেম ইনস্টল কৰার কথা বিবেচনা কৰুন।
- আপনার স্থানীয় অগ্নি নিৰ্বাপক বিভাগকে আপনার আবাসন অগ্নি নিৰাপদ এবং অগ্নি প্রতিৰোধ্য কিনা তা পরীক্ষা কৰতে বলুন।

### শহরে অগ্নিকান্ডের সময়:



ডিষ্ট্ৰিক্ট অফ কলম্বিয়া সরকার  
রচনা:

হোমল্যান্ড সিকিউৰিটি এন্ড ইমার্জেঞ্চি ম্যানেজমেন্ট এজেন্সি (HSEMA)

সৰ্বশেষ সংশোধিত: নভেম্বৰ, 2011



## শহরের অগ্নিকান্ড মোকাবেলা করার টেমপ্লেট (ক্রমশ)

### আপনার জামাকাপড়ে আগুন লেগে গেলে এগুলি করা উচিত:

- যতক্ষণ না আগুন নিভেছে ততক্ষণ দাঁড়িয়ে সেটি খুলে গোটাতে থাকুন। ছোটোছুটি করলে আগুন আরো দ্রুত ছড়াবে।

### আগুন থেকে বাঁচতে আপনার এগুলি করা উচিত:

- বন্ধ দরজা খোলার আগে তা উত্তপ্ত হয়েছে কিনা পরীক্ষা করুন। আপনি যদি একটি বন্ধ দরজা খুলে বেরোতে চান তাহলে এটিকে খোলার আগে দরজার উপরের অংশ, দরজার হাতল, এবং দরজা এবং দরজার ফ্রেমের মধ্যের ফাটল অনুভব করতে হাতের পিছনের অংশ ব্যবহার করুন। উতাপ বুঝতে আপনার হাতের তালু বা আঙ্গুল কখনই ব্যবহার করবেন না -- ঐ জায়গাগুলি পুড়ে গেলে তা আপনার বেরোনোর ক্ষমতাকে অক্ষম করতে পারে (যেমন মই দিয়ে ওঠা, হামাগুড়ি দেওয়া)।

উত্তপ্ত দরজা	ঠান্ডা দরজা
<ul style="list-style-type: none"><li><input type="checkbox"/> খুলবেন না।</li><li><input type="checkbox"/> জানলা দিয়ে বেরিয়ে আসুন।</li><li><input type="checkbox"/> আপনি যদি বেরোতে না পারেন তাহলে জানলার বাইরে সাদা বা হালকা রঙের চাদর ঝোলান, আপনার উপস্থিতির সম্বন্ধে অগ্নি নির্বাপক কর্মীদের দৃষ্টি আকর্ষণ করুন।</li></ul>	<ul style="list-style-type: none"><li><input type="checkbox"/> আস্তে করে খুলুন এবং আগুন অথবা ধোঁয়া যে আপনার বেরোনোর পথ অবরুদ্ধ করছে না তা নিশ্চিত করুন।</li><li><input type="checkbox"/> যদি আপনার বের হওয়ার রাস্তা অবরুদ্ধ হয়ে থাকে তাহলে, অবিলম্বে দরজা বন্ধ করে দিন এবং বেরোবার বিকল্প রাস্তা ব্যবহার করুন যেমন জানলা।</li><li><input type="checkbox"/> যদি পরিষ্কার থাকে তাহলে অবিলম্বে বেড়িয়ে গিয়ে দরজা বন্ধ করে দিন।</li><li><input type="checkbox"/> হামাগুড়ি দেওয়ার জন্য প্রস্তুত থাকবেন। ধোঁয়া ও তাপ বাড়ছে। মেঝের কাছাকাছি অংশের বায়ু পরিষ্কার এবং ঠান্ডা।</li></ul>
<ul style="list-style-type: none"><li><input type="checkbox"/> আপনার বেরোনোর রাস্তায় ধোঁয়া থাকলে নিচু হয়ে হামাগুড়ি দিয়ে বের হন -- প্রচলিত ধোঁয়া ও বিষাক্ত গ্যাস প্রথমে সিলিংয়ে জমা হয়।</li><li><input type="checkbox"/> আপনি বেরোনোর সঙ্গে সঙ্গে আগুন ছড়ানো বিলম্বিত করতে দরজাটি বন্ধ করে দিন।</li><li><input type="checkbox"/> নিরাপদে বেরোনোর পর বাইরে থাকুন। আবার প্রবেশ করবেন না। 9-1-1-এ কল করুন।</li></ul>	

### শহরে অগ্নিকান্ডের পরে:

#### অগ্নিকান্ডের পরে বিভিন্ন পরিস্থিতিতে কি করতে হবে তার নির্দেশিকা নিচে দেওয়া রয়েছে:

- আপনার সঙ্গে যদি কোনো অগ্নিদগ্ধ ব্যক্তি থাকেন অথবা আপনি যদি নিজেই অগ্নিদগ্ধ হন তাহলে, 911-এ কল করুন; অগ্নিদগ্ধ জায়গাটিতে পুনরায় আঘাত লাগা বা সংক্রমণের সম্ভবনা কমানোর জন্য অগ্নিদগ্ধ জায়গাটিকে ঠান্ডা করুন এবং আবরণ দিয়ে দিন।
- ক্ষতিগ্রস্ত কোনো ভবনে প্রবেশ করার সময় আপনি যদি উতাপ বা ধোঁয়া দেখতে পান তাহলে অবিলম্বে সেই স্থান ত্যাগ করুন।
- আপনি যদি ভাড়াটে হন, তাহলে বাড়ীর মালিকের সাথে যোগাযোগ করুন।
- আপনার কাছে যদি নিরাপদ ও মজবুত বাস্র থাকে, তাহলে তা খোলার চেষ্টা করবেন না। এটি কয়েক ঘন্টা ধরে তীব্র গরম ধরে রাখতে পারে। বাস্র ঠান্ডা হওয়ার আগে দরজা খোলা হলে, সামগ্রীগুলি বিস্ফোরিত হয়ে অগ্নিশিখায় পরিণত হতে পারে।
- একজন ভবন জানিয়েছে যে বাড়ীটি নিরাপদ নয় তাই আপনাকে অবশ্যই সেই বাড়ীটি ছাড়তে হবে এক্ষেত্রে আপনার অনুপস্থিতির সময় বিশ্বস্ত কাউকে বাড়ীটির দেখা শোনা করতে বলুন।



ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়া সরকার

রচনা:

হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (HSEMA)

সর্বশেষ সংশোধিত: নভেম্বর, 2011

